সমকাল

তারিখ ২৪ APR 2017
পৃষ্ঠা ৫ কলাম ৫

# সৃজনশীল বই পড়ার আহ্বান শিক্ষামন্ত্রীর

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, নতুন প্রজন্মের ছেলেমেয়েদের যুগোপযোগী এবং ভালো মানের মানুষ হিসেবে গড়ে তুলতে হলে তাদের পাঠ্যবইয়ের পাশাপাশি পৃথিবীর সেরা সাহিত্য, ভ্রমণ এবং কল্পকাহিনীর বইগুলো পড়তে হবে। বর্তমানে সেকায়েপ প্রকল্পের মাধ্যমে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি দেশের ২৫০টি উপজেলায় পরিচালিত হচ্ছে। ভবিষ্যতে দেশের প্রতিটি উপজেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে এ কর্মসূচি চালু করা হবে।

গতকাল রোববার বিশ্ব বই ও কপিরাইট ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৫

## সৃজনশীল বই

[তৃতীয় পৃষ্ঠার পর]

দিবস উপলক্ষে বিশ্বসাহিত্য কেন্দ্রে সেকায়েপ প্রকল্পের পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। দিবসটি উপলক্ষে দেশের শিক্ষা ও বইয়ের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তি, প্রতিষ্ঠান, শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ এবং বই পড়ায় শীত উপজেলার ১০টি শিক্ষা প্রতিষ্ঠানের পুরস্কার বিজয়ী শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সচিব মোহাম্মদ সোহরাব হোসাইন বিশেষ অতিথির বক্তৃতায় বলেন, 'আমরা নানা সমস্যার মাঝে এগিয়ে যাচ্ছি। অনেকেই মনে করেন, আইটির যুগে ছাপার বই মানুষ পড়বে না। এটা ভুল, এখনও মানুষ ছাপার বই পড়ছে এবং আগামীতেও পড়বে।'

বাংলা একাডেমির মহাপরিচালক শামসুজ্জামান খান বলেন, 'আমাদের মতো উন্নয়নশীল দেশের জন্য আজকের দিনটি খুবই গুরুত্বপূর্ণ। কারণ অবকাঠামো উন্নয়ন ও শিক্ষার সমন্বয় ছাড়া কোনো দেশ উন্নতি করতে পারে না। শিক্ষা বিস্তারের ক্ষেত্রে পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।'

পাঠাভ্যাস উন্নয়ন কর্মসূচির ডেপুটি টিম লিডার মেসবাহ উদ্দিন আহমেদ সুমনের সঞ্চালনায় সভায় আরও বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ড. এস এম ওয়াহিদুজ্জামান, ইউনেস্কো ঢাকা অফিসের হেড অ্যান্ড রিপ্রেজেনটেটিভ বিয়াট্রিস কালডুন, সেকায়েপ প্রকল্পের পরিচালক ও অতিরিক্ত সচিব ড. মাহামুদ-উল-হক। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিশ্বসাহিত্য কেন্দ্রের পরিচালক শরীফ মোহাম্মদ মাসুদ। পরে শিক্ষামন্ত্রী বই পড়ায় বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর